

স্থায়ী ক্যাম্পাসের দাবি প্রাইম এশিয়ার শিক্ষার্থীদের বনানী সড়ক অবরোধ

যুগান্তর প্রতিবেদন

স্থায়ী ক্যাম্পাস নির্মাণ ও ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যানের পদত্যাগসহ বিভিন্ন দাবিতে দ্বিতীয় দিনের মতো রাজধানীর বনানীর কাকীলতে ঢাকা- ময়মনসিংহ সড়ক অবরোধ করেন প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ফলে ওই এলাকার সড়কে তীব্র যানজট সৃষ্টি হয়। বিকাল ৪টার দিকে শিক্ষার্থীরা সরে গেলে আন্তে আন্তে পরিস্থিতি স্বাভাবিক হয়।

শিক্ষার্থীরা বলেন, দীর্ঘদিন ধরে স্থায়ী ক্যাম্পাসে নেওয়ার কথা বলে নিচ্ছে না। একটি ডিপার্টমেন্ট ডিসেম্বরের মধ্যে ওখানে শিফট করার কথা কিন্তু এখন ৩০০ ফুটে স্থায়ী ক্যাম্পাসের জায়গা বিক্রি করে দেওয়ার পায়তারা করছে বোর্ড অব ট্রাস্টি। তারা আরও বলেন, দীর্ঘদিন আমাদের সিনিয়ররা স্থায়ী ক্যাম্পাসের দাবিতে এ লড়াই-সংগ্রাম করে গেছেন। কিন্তু তারা স্থায়ী ক্যাম্পাসে যেতে পারেননি। এছাড়া কয়েকজন বোর্ড অব ট্রাস্টির সদস্য বিশ্ববিদ্যালয়ের অর্থ আত্মসাৎ করেছেন। আমরা এই টাকা পুনরুদ্ধার চাই। বনানী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রাসেল সারোয়ার বলেন, শিক্ষার্থীরা রোববার স্থায়ী ক্যাম্পাসের দাবিতে আন্দোলন করেন। শনিবারও তারা বনানীতে রাস্তা অবরোধ করে আন্দোলন করছিলেন।